

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫২১

আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৪

বিধানসভা সংবাদ

রাজ্যে ১৯.১২ মেগাওয়াট সৌর বিদ্যুৎ প্রকল্প স্থাপন করা হয়েছে : বিদ্যুৎ মন্ত্রী

নবায়নযোগ্য শক্তির মাধ্যমে রাজ্যে ১৯.১২ মেগাওয়াট সৌর বিদ্যুৎ প্রকল্প স্থাপন করা হয়েছে এবং প্রতিদিন ৫৭,৩৬৯ ইউনিট বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক মাইলাফু মগের এক প্রশ্নের লিখিত উত্তরে বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, নবায়নযোগ্য শক্তির মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের ক্ষমতা বৃদ্ধিতে বিদ্যুৎ দপ্তর বর্তমান ও আগামী অর্থবছরগুলির জন্য ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেছে। বিদ্যুৎমন্ত্রী জানান, এছাড়াও ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম ১০০ মেগাওয়াট বিদ্যুৎ সোলার এনার্জি কর্পোরেশন অব ইন্ডিয়া (এসইসিআই)র মাধ্যমে ক্রয় করার জন্য চুক্তিপত্রে স্বাক্ষর করেছে যা আগামী জুলাই মাস থেকে চালু হবে। আগামী দিনে এই ১০০ মেগাওয়াট বিদ্যুৎকে ধরে রাখার জন্য ব্যাটারী স্টোরের পরিকল্পনা নিগমের চিন্তায় আছে।

\*\*\*\*\*